শারীরিক অক্ষম সফল ফ্রিল্যান্সার কুষ্টিয়ার অনিক পেলেন সম্মাননা

জন্মগতভাবে শারীরিক প্রতিবন্ধী হওয়ায় হুইলচেয়ার নির্ভর জীবন জীবিকা ও আরও অনেক তরুণদের কর্মসংস্থান সৃষ্টি করায় তরুণ উদ্যোক্তা ও সফল ফ্রিল্যান্সার কুষ্টিয়ার অনিক মাহমুদকে সম্মাননা প্রদান করা হয়েছে।

ইকোনমি কুষ্টিয়ার উদ্যোগে গতকাল তার হাতে এই সম্মাননা তুলে দেওয়া হয়।

এসময় কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক রোখসানা পারভীন, সহকারী পরিচালক মোঃ মুরাদ হোসেন, শহর সমাজসেবা অফিসার আসাফউদ্দৌলা ও ইকোনমি কুষ্টিয়ার চেয়ারম্যান এসএম জামাল উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক রোখসানা পারভীন বলেন, ‘শারীরিক অক্ষমতা মানেই সবকিছু থেমে থাকা নয়। হাঁটাচলা করতে সক্ষম নন অনিক মাহমুদ।তবে এই প্রতিবন্ধকতার কাছে হার মানেননি তিনি। মনোবল হারাননি। ফ্রিল্যান্সিংকে অবলম্বন করে নিজেকে স্বাবলম্বী করে তুলেছেন।যার ফলে অদম্য লড়াকু অনিক মাহমুদ এখন সফল ফ্রিল্যান্সার। বর্তমান সরকার প্রতিবন্ধীদের জন্য কাজ করছে তাদের পাশে দাঁড়াচ্ছে।আমরা অনিকের জন্য সবসময় তার পাশে থাকতে চাই। আজকের এই সম্মাননা তাকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে আমি বিশ্বাস করি।

সম্মাননা পাওয়ার পর অনুভুতি ব্যক্ত করতে গিয়ে অনিক মাহমুদ বলেন, ইচ্ছে ছিল জীবনে এমন কিছু করবো যাতে করে আমার এই প্রতিবন্ধীতার নামটি ঘুচে যায়। আমি সফল হয়েছি। কারণ. আমার কারো কাছে কাজের জন্য যাওয়া লাগে নি। বরং, আমি আমার প্রতিষ্ঠানে কিছু তরুণদের চাকরি দিতে পেরেছি। এই মনোবল আর ইচ্ছাশক্তির কারণেই হয়তো আজ আমি সফলতা অর্জন করতে সক্ষম হয়েছি।’শারীরিক প্রতিবন্ধকতা জয়ী এই সফল ফ্রিল্যান্সারের মতে, ফ্রিল্যান্সার হতে হলে প্রচুর ধৈর্যের প্রয়োজন। এ কারণে অনেক তরুণ কাজ শুরু করলেও শেষ পর্যন্ত টিকে থাকতে পারেন না। তাই কখনোই ভেঙে পড়া যাবে না। আর প্রতিযোগিতায়

টিকে থাকতে হলে নিজেকে প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে। ভালোভাবে কাজ না শিখে ফিল্যান্সিংয়ে আসা উচিত নয় বলে জানান তিনি।

প্রসঙ্গত, ২০১৮ সালে অনলাইনের মাধ্যমে গ্রাফিক্স ডিজাইনের কোর্স করেন কুষ্টিয়ার মিরপুর উপহজেলার পোড়াদহ এলাকার মোজাহার আলীর ছেলে অনিক মাহমুদ।এরপর ইউটিউবের ভিডিও দেখে এবং বিভিন্ন টিউটোরিয়াল সাইট থেকে নিজের দক্ষতা বাড়ান।টি-শার্ট ডিজাইন নিয়ে ফাইভার ও আপওয়ার্কে কাজ করে সফল ফ্রিল্যান্সার হিসেবে খ্যাতি পেয়েছেন অদম্য লড়াকু অনিক।

কুষ্টিয়ায় বিষাক্ত অ্যালকোহল পানে ৩ যুবকের মৃত্যু

কুষ্টিয়ায় পৃথক স্থানে বিষাক্ত অ্যালকোহল পান করে ৩ যুবকের মৃত্যু হয়েছে। বুধবার ভোরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

মৃতরা হলেন- খোকসা উপজেলার কালিবাড়ি বাজারের ভবেশ ঘোষের ছেলে রিপন কুমার ঘোষ (৩২), মিরপুর উপজেলার কান্তদাহ গ্রামের মৃত দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে নিতাই বিশ্বাস (৩৫) ও সদর উপজেলার বড় আইলচারা গ্রামের তপন বিশ্বাসের ছেলে অনিক বিশ্বাস (২১)।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তাপস কুমার সরকার জানান, দুর্গাপূজার উৎসব-আনন্দে অ্যালকোহল পান করে গুরুতর অসুস্থ হন তিন যুবক। পরিবারের লোকজন তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তির করে।

রাত ১২টা থেকে ভোর সাড়ে ৪টার মধ্যে তারা হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তাদের প্রয়োজনীয় চিকিৎসা দেয়া হয়েছিল। চিকিৎসাধীন অবস্থায় একে একে ৩ যুবকেরই মৃত্যু হয়।

তবে এ বিষয়ে হাসপাতালে রোগীর সঙ্গে থাকা স্বজনরা কোনো মন্তব্য করতে রাজি হননি।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বলেন, বিষাক্ত মদপানে ৩ যুবকের মৃত্যুর বিষয়ে পুলিশ খতিয়ে দেখছে।

ফ্রান্সে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সাঃ) কে অবমাননা করায় কুষ্টিয়ায় মানববন্ধন

ফ্রান্সে কার্টুন চিত্র একে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সাঃ)কে অবমাননা করার প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন ও সমাবেশ করেছে তৌহিদী জানতা।

মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া শহরের এনএস রোড পাবলিক লাইব্রেরির সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া জেলা উলামা পরিষদের এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

সমাবেশে বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা উলামা পরিষদের সভাপতি মাওলানা মুফতি আব্দুল হামিদ, মহাসচিব মুফতি রেজাউল করিম, সাংগঠনিক সম্পাদক মাওলানা আব্দুল লতিফ খান, মোমতাজুল উলুম মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাওলানা আরিফুজ্জামান, হাফেজ মাওলানা আবুদাউদ, আশরাফুল উলুম মাদ্রাসার মাওলানা আব্দুল খালেক, মাওলানা আব্দুল হাকিম, মাওলানা ইলিয়াস শাহ প্রমুখ।

বক্তারা বলেন, মুসলমানরা তাদের নবীকে প্রাণের চেয়ে বেশি ভালোবাসে। মহানবীর অপমান মুসলমানরা সহ্য করবে না। ফ্রান্স সরকার নবীর বিরুদ্ধে ব্যঙ্গচিত্র প্রকাশের মাধ্যমে তাদের হিংসাত্মক মনোভাব প্রকাশ করেছে।

বক্তারা আরও বলেন, ফ্রান্স সরকার নবীর বিরুদ্ধে ব্যঙ্গচিত্র প্রকাশের মাধ্যমে বিশ্বমুসলিমকে উস্কে দিয়ে বিশ্বব্যাপী অশান্তির আগুন জ্বালিয়ে দিয়েছে। ফ্রান্সের ধর্মবিরোধী এ অবমাননা

বিশ্বমুসলিম নেতৃত্বকে ঐক্যবদ্ধভাবে রুখে দিতে হবে।

বক্তারা ব্যবসায়ীদের ফ্রান্সের সকল পন্য বর্জন করারও আহ্বান জানান। এছাড়া সরকারের কাছে রাষ্ট্রীয়ভাবে ফ্রান্সের দুতাবাস বন্ধের দাবি জানান।

কুষ্টিয়ায় নকল জুস কারখানা আবিষ্কার: লাখটাকা জরিমানা

ঘনচিনি আর কাপড়ের রঙ দিয়ে তৈরি নকল জুস। এছাড়াও নকল সিল ও ছাপানো ট্যাগে বোতলজাত করা হচ্ছিল শিশুখাদ্য জুস। অনুমোদনবিহীন এবং হাতে তৈরি বিএসটিআইয়ের সিল দিয়ে মোড়ানো তৃষ্ণা ফুড অ্যান্ড বেভারেজ নামের ভেজাল শিশু খাদ্যপণ্য তৈরির কারখানায় অভিযান চালিয়েছে ভেড়ামারা উপজেলা প্রশাসন।

মঙ্গলবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের ষোলদাগে অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

তিনি জানান, ফ্যাক্টরীর ঠিকানা বিহীন, এবং ফিল্টার মেশিনে পানির সাথে ঘনচিনি, কাপড়ের ক্ষতিকর রঙ মিশিয়ে ছিপি বন্ধ করে মেশিনে তৈরি হচ্ছিলো জুস।

অবৈধ প্রক্রিয়ায় ক্ষতিকর রাসায়নিক পদার্থ ব্যবহার করে জীবন ও স্বাস্থ্যহানিকর বিভিন্ন প্রকার শিশুখাদ্য জুস প্রস্তুত ও বাজারজাত করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক জগলু সরদারকে বাংলাদেশ স্ট্যান্ডার্ড ও টেস্টিং ইনস্টিটিউশন আইন ২০১৮ মোতাবেক এক লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এ সময় বিপুল পরিমাণ ক্ষতিকর রাসায়নিক পদার্থ ও নকল পণ্য ধ্বংস করা হয়।

অভিযান পরিচালনাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও স্যানিটারি ইন্সপেক্টর সার্বিক সহায়তা করেন।

বিএনপির কারও মেয়ের বিয়েও দিতে চাচ্ছে নাঃ কুষ্টিয়ায় মাহাবুব উল আলম হানিফ

কুষ্টিয়া: আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব উল আলম হানিফ এমপি বলেছেন, আওয়ামীলীগ কখনই দলীয় পদ কেনাবেচার রাজনীতি করেনা। এই অভ্যাস আওয়ামীলীগের নেই, এটা বিএনপির কাজ। এই অভ্যাসতো বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান করেছিলেন। উনি যখন দল গঠন করেছিলেন তখন বিভিন্ন দল ভেঙ্গে তার দলে যোগদান করানোর জন্য টাকা দিয়ে কেনাবেচা করেছিলেন।

হানিফ আরো বলেন, মির্জা ফখরুল ইসলাম আলমগীর নিজেই বলেছেন, বিএনপির এখন এতই দন্যদশা যে, বিএনপি করে এটা শুনলে কেউ মেয়েও বিয়ে দিতে চাচ্ছে না। হানিফ বলেন কর্মকান্ডের কারনে তারা সমাজে এতই অগ্রহনযোগ্য ও এতটাই ঘৃনিত হয়ে গেছে যে, মানুষ তাদের সাথে কোন সর্ম্পকই স্থাপন করতে চায়না। এর জন্য চরম হতাশায় তারা নানান সময়ে অসংলগ্ন কথাবার্তা বলছেন।
দব্যমূল্য নিয়ে হানিফ বলেন, কোন সিন্ডিকেটের কাছে সরকার জিম্মী হয়নি, সরকার কঠোর অবস্থানে আছে। এই সরকার জনগনের সরকার, জনগনের জন্য যখন যা করার তাই করছে।

আজ শনিবার বেলা ১১টায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রোটারি ক্লাব’র আয়োজনে করোনা রোগীদের জন্য আইসিইউ ইউনিটের ক্ষমতা বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। রোটারিয়ান অজয় সুরেকার সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া-৪ আসনের সাংসদ ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, জেলা প্রশাসন আসলাম হোসেন, পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি বদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, কুষ্টিয়া সদর উপজেলার

চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডাক্তার নুরুন-নাহার বেগম, জেলা বিএমএ’র সভাপতি ডাক্তার মুস্তানজিদ। এছাড়াও এ সময় আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মশানে বিবাহিত একাদশ ও অবিবাহিত একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত

কর্মব্যস্ততার কারণে খেলাধুলা আর করা হয় না তাঁদের। তবে খেলার প্রতি ভালোবাসার তো আর কমতি নেই। সেই ভালোবাসার টানেই কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান এলাকায় আয়োজন করা হয় প্রীতি ফুটবল ম্যাচ।

ফুটবল ম্যাচে মশান শাহপাড়ার বিবাহিত বনাম অবিবাহিতরা এই ম্যাচে অংশ নেন।

মশান মাধ্যমিক বিদ্যালয় মাঠে বুধবার বিকেলে ম্যাচটি অনুষ্ঠিত হয়।

৫০ মিনিটের খেলায় বিবাহিত ফুটবল একাদশ ১-০ গোলে অবিবাহিত ফুটবল একাদশকে পরাজিত করে। উৎসবমুখর পরিবেশে খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অতিথিরা।

খেলা পরিচালনা করেন মহি উদ্দিন মহি, সহকারী পরিচালক ছিলেন তন্ময় খান ও জুয়েল রানা।

স্থানীয় বাসিন্দারা বলেন, খেলার দিন দিনব্যাপী এলাকায় মাইকিং করে ফুটবল ম্যাচ উপভোগের জন্য দর্শকদের আমন্ত্রণ জানানো হয়। মশান গ্রামের মেহেদী হাসান বাবু ও সাংবাদিক এসএম জামাল এই ফুটবল ম্যাচের উদ্যোক্তা ছিলেন।

খেলার মাঠে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এলাকার ক্রীড়ামোদী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জুয়েল রানা, সাইফ আল আজাদ মিল্টন, তন্ময়

খান, ডা: মাসুদ রানাসহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

বিবাহিত একাদশের খেলোয়াড় মেহেদী হাসান বাবু, মনির হাসান,এসএম জামাল, আকাশ, জুবাইদুল, রফিক, মনিরুল,নাজমুল,সুবেল প্রমুখ।

অবিবাহিত একাদশের খেলোয়াড় আব্দুল মজিদ, বজলু, সম্রাট,সবুজ, সিপ্ত, সজিব, আলামিন, নাসিম,মনোয়ার, রুবেল, বাপ্পি, পলাশ প্রমুখ।

খেলা শেষে উভয় একাদশের মধ্যে একটি প্রীতিভোজের আয়োজন করা হয়।

ভাবিকে ‘শিক্ষা’ দিতে আপন ভাতিজিকে হত্যা

কুষ্টিয়া সদর উপজেলার হরিনারায়ণপুর এলাকায় মাঠের পাশে পরিত্যক্ত শৌচাগার থেকে ছয় বছরের মেয়ে শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শিশুটির নাম সানজিদা খাতুন (৬)। গতকাল রোববার (১৮ অক্টোবর) সন্ধ্যা ছয়টায় শিশুটিকে উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে আটক হয়েছে একজন। প্রাথমিকভাবে হত্যার কথা স্বীকার করেছে সে। পুলিশ বলছে, পারিবারিক কলহে ক্ষোভের বহিঃপ্রকাশে ‘শিক্ষা’ দিতে এ হত্যাকাণ্ড ঘটানো হয়েছে।

উপজেলার হরিনারায়ণপুর এলাকার সোহাগ হোসেনের মেয়ে। বাড়ি থেকে মাত্র ১০০ গজ দূরে তাকে হত্যা করা হয়। ঘটনার পর থেকে পুলিশ রহস্য উদঘাটনে একটানা কাজ করে।

কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফাতের ভাষ্যমতে, ঘটনার পরপরই লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়। এরপর অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান ও আতিকুর রহমান (সদও সার্কেল) ঘটনাস্থলে যান। তারা ঘটনার রহস্য উৎঘাটনের কাজ শুরু করে। একটানা নয় ঘণ্টা কাজ শেষে রাত তিনটায় সময় তারা নিশ্চিত হন শিশুটির আপন ফুপু এই হত্যাকাণ্ড ঘটিয়েছে। তাকে বাড়ি থেকেই আটক করে রাতেই থানায় নেওয়া হয়।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুর রহমান বলেন, রাতেই পরিবারের সব সদস্যদের বাড়িতেই জিজ্ঞাসাবাদ করা হয়। তাদের সারাদিনের চাল-চলন বিষয়ে নানা কথা শোনা হয়। কিন্তু কোনোভাবেই কাউকে সন্দেহ করা যাচ্ছিল। পরিবারের সকল সদস্যই স্বাভাবিক আচরণ করছিল। শিশুটি ধর্ষণের শিকার হয়নি এমন তথ্য কয়েক মিনিটের মধ্যেই নিশ্চিত হয়ে যায়। তবে কীভাবে হত্যা এবং কেন করা হলো সেটা বের করার জন্য কাজ শুরু করা হয়।

রাত বারটার দিকে ওই এলাকার এক মাইক্রোবাস চালক আকতার হোসেন পুলিশকে জানায়, বিকেল সাড়ে চারটার দিকে পরিত্যক্ত ইউপি ভূমি কার্যালয় থেকে সানজিদার ফুপুকে বের হতে দেখে। এমন কথা শোনার পরই পুলিশ বাড়িতে থাকা সানজিদার ফুপুকে আলাদা একটা কক্ষে নিয়ে নারী পুলিশ কর্মকর্তা দিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে। একপর্যায়ে সে জানায়, শিশুটিকে সেই হত্যা করেছে।

পুলিশ বলছে, শিশুটির মায়ের সাথে তার দাদি ও অষ্টম শ্রেণী পড়ুয়া ফুপুর পারিবারিক কলহ চলছিল। প্রায় দিনই তাদের মধ্যে ঝগড়া হয়। শিশুটির বাবার স্থানীয় বাজারে একটি দোকান রয়েছে। শিশুটির মা ও ফুপুর মধ্যে নানা সময়ে গালমন্দ ঝগড়া চলতো। ভাবিকে শিক্ষা দিতেই সানজিদাকে হত্যার পরিকল্পনা করে।

ঘটনার দিন বিকেলে চানাচুর কিনে খাবার জন্য সানজিদাকে নিয়ে তার ফুপু বাড়ির পাশেই পরিত্যক্ত ভূমি কার্যালয়ে যায়। সেখানে দুজন মিলে চানাচুরও খায়। একপর্যায়ে সানজিদাকে একটা থাপ্পড় দিলে সে পড়ে গিয়ে কান্না করে। এর পরপরই শ্বাসরোধ করে হত্যা করে সুমনা বাড়ি ফিরে আসে।

সানজিদার বাবা সোহাগ হোসেন বলেন, সানজিদা দুপুরে বাড়ি থেকে বের হয়। এরপর আর ফিরে না আসায় পরিবারের লোকজন আশপাশে খোঁজা শুরু করেন।

একপর্যায়ে মেয়ের সন্ধান চেয়ে বিকেলে হরিনারায়ণপুর বাজারে মাইকিং করেন। এরপরও তার হদিস না পাওয়ায় খোঁজ চলতে থাকে। সন্ধ্যার পর এলাকার কয়েকজন বাসিন্দা কাচারি মাঠের পাশের পরিত্যক্ত শৌচাগারে একটি শিশুর লাশ পড়ে থাকতে দেখে। পরে সানজিদার পরিবারের লোকজন এসে তার লাশ শনাক্ত করেন।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুর রহমান বলেন, থানায় হত্যা মামলা নেওয়া হচ্ছে। লাশ ময়নাতদন্ত করে

পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

কুষ্টিয়ায় ৩ বছরের শিশুকে ধর্ষণের চেষ্টা, অভিযুক্ত আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৩ বছরের এক শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত হৃদয়কে (১৭) আটক করেছে পুলিশ। রবিবার সকাল ৯টার দিকে তাকে আটক করা হয়। উপজেলার প্রাগপুর ইউনিয়নের মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামের তাহাজ্জত হোসেনের ছেলে হৃদয় শনিবার সকালে প্রতিবেশীর শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে কৌশলে নিজ বাড়িতে ডেকে নেয়। পরে সে শিশুটিকে ধর্ষণের চেষ্টা করে।

এ সময় শিশুটির চিৎকার ও কান্নাকাটি শুনে হৃদয় শিশুটিকে ছেড়ে দিয়ে পালিয়ে যায়। পরে বাড়ির লোকজন শিশুটিকে উদ্ধার করে। সেই সময় তার শরীরে কোন পোশাক ছিল না।

এ ঘটনায় শিশুটির পিতা দৌলতপুর থানায় অভিযোগ করলে পুলিশ হৃদয়কে আটক করে থানায় নেয়। এ ঘটনার বিষয়ে দৌলতপুর থানার ওসি (তদন্ত) শাহাদত হোসেন জানান, হৃদয় নামে এক কিশোর প্রতিবেশী শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে বাড়িতে ডেকে নিয়ে শ্লীলতাহানির চেষ্টা করার অভিযোগে হৃদয়কে আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

আইন প্রয়োগ ও বাস্তবায়নে দক্ষতা অর্জন জরুরী: ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, ধর্ষকদের দমন করতে যে আইন করা হচ্ছে সেই আইনকে কার্যকরী করার জন্যে দক্ষতা অর্জন করা জরুরী, যাতে দ্রুততার সঙ্গে এই আইন বাস্তবায়ন করা যায়।

রোববার (১৮ অক্টোবর) দুপুর ১২টায় কুষ্টিয়া মিরপুর উপজেলার ছাতিয়ানে আব্দুর রাফেত বিশ্বাস কলেজের নব নির্মিত চার তলা একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন।

ইনু বলেন, এ মুহূর্তে সামাজিক অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যা রয়েছে। রয়েছে সংঘবদ্ধ ধর্ষক বাহিনী, লুটপাট বাহিনী ও বাজার সিন্ডিকেট। এই বাজার সিন্ডিকেটকে দমন করার জন্যে স্থায়ী মনিটরিং ব্যবস্থা গড়ে তোলাসহ সামাজিক সচেতনতা গড়ে তোলা দরকার।

কলেজের অধ্যক্ষ আব্দুল মজিদের সভাপতিত্বে অনুষ্ঠিত ভবন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- মিরপুর উপজেলা সহকারী ভূমি কমিশনার রকিবুল হাসান, কেন্দ্রীয় জাসদের সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম স্বপন, নেতা মোহাম্মদ আব্দুল্লাহ, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহাম্মদ আলী, যুগ্ম-সাধারণ সম্পাদক কারশেদ আলমসহ কলেজের শিক্ষক/শিক্ষার্থীরা।

কুষ্টিয়ায় তাঁতী লীগের শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন পালন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়া জেলা তাঁতী লীগের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে জেলা তাঁতী লীগের কার্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল

অনুষ্ঠিত হয়।

জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে ও সাধারণসম্পাদক হারুন অর রশীদের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, সাংগঠনিক সম্পাদক খান শামীম সহ বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। পরে কেক কাটা হয়।

এসময় জেলা তাঁতী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।